বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়
গাজীপুর - ১৭০৬, বাংলাদেশ
https://www.bsmrau.edu.bd
রেজিস্ট্রার দপ্তর

১৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ:
৩১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৩৭.১২.০০০০.১৩৮.১৮.০০৪.২০.২

**প্রত্যয়ন পত্র**

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃক ইতঃপূর্বে বাস্তবায়িত নিম্নেবর্ণিত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়াসমূহ চালু রয়েছে।

| ক্রমিকনং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | বাস্তবায়িত সেবা/আইডিয়াটি কোন ধরনা বস্তবায়ন করে | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১. | ডিজিটাল সেবা রেজিস্টার | ডিজিটাইজকৃত সেবা/ সেবা সহজীকরণ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর আওতাধীন জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার [৩.১] সূচক কার্যক্রম এর অংশ হিসেবে সিটিজেন চার্টারভুক্ত সকল সেবা্ প্রদানের ক্ষেত্রে সেবা প্রাপ্তি সম্পর্কিত মতামত সংরক্ষণের বাধ্যবাধকতা রয়েছে। সেবা গ্রহীতা হতে এসকল মতামত দায়িত্বশীল কর্মকর্তা কর্তৃক সেবা রেজিস্টারে সংরক্ষণ করা হয়ে থাকে। সেবা রেজিস্টার এ সেবা সম্পর্কিত মতামত সংরক্ষণে নানাবিধ সমস্যার সম্মুখীন হতে হয়। সেবা প্রাপ্তির পরে সেবা গ্রহীতার সময় স্বল্পতা, মতামত প্রদানে অনীহা প্রকাশ, দায়িত্বশীল কর্মকর্তার মতামত সংরক্ষণ করতে ভুলে যাওয়া, দায়িত্বশীল কর্মকর্তার জবাবদিহিতার অভাব, রেজিস্ট্রার ক্রয় ও সংরক্ষণ করার জন্য অতিরিক্ত অর্থ ব্যয়সহ নানাবিধ সমস্যার কারণে রেজিস্ট্রার সঠিকভাবে সংরক্ষণ করা কষ্টকর হচ্ছে। উদ্ভুত সমস্যার সমাধানকল্পে বর্ণিত উদ্ভাবনী ধারনা বাস্তবায়ন করা হয়েছে। | ডিজিটাল সেবা রেজিস্টার চালু করা হয়েছে, সকল বিভাগ/শাখা/দপ্তর/অফিস কতৃক ব্যবহৃত হচ্ছে | বশেমুরকৃবি কর্তৃক এই উদ্ভাবণী ধারণা বিশ্ববিদ্যালয়ের পেপারলেস অফিস ব্যবস্থাপনার ক্ষেত্রে এক ধাপ এগিয়ে নিয়ে গিয়েছে, দায়িত্বশীল কর্মকর্তার সেবা প্রদানে জবাবদিহিতা বেড়েছে যার ফলে সেবার মান উন্নত হয়েছে, সেবা গ্রহীতার সেবা প্রাপ্তি সম্পর্কিত মতামত প্রদান অনেক সহজ হয়েছে, পেপারলেস অফিস ব্যবস্থার জন্য বিশ্ববিদ্যালয়ের অনেক অর্থ সাশ্রয় হয়েছে, সম্পূর্ণ নতুন এই উদ্ভাবনী ধারণাটির বিষয়ে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর মধ্যে ব্যাপক উৎসাহ ও উদ্দিপনার সৃষ্টি করেছে। | http://dsr.bsmrau.edu.bd/ | বাস্তবায়নের অর্থবছরঃ ২০২৩-২৪ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ০২. | IoT Based Automated Horti-chamber for Fresh Product | উদ্ভাবনী ধারণা | প্রযুক্তি বিস্তারের সুবাদে বাংলাদেশে ফল-মূল-শাক-সবজির উৎপাদন উল্লেখযোগ্য হারে বাড়লেও অনুন্নত কর্তনোত্তর সংরক্ষণ ব্যবস্থাপনার কারণে উৎপাদিত শস্যের শতকরা প্রায় ৫০ ভাগ পর্যন্ত ফল ও সবজির অপচয় হয়ে থাকে। যথাযথভাবে বাজারজাত করে সত্বর ভোক্তার কাছে পৌছানো বা সংরক্ষণ করতে না পারার কারণেই এই অপচয় হয়ে থাকে। ফলে কৃষক উৎপাদনশীলতা বাড়াতে নিরুৎসাহিত হয়। যার পরিনতিতে ফলের উৎপাদন কমে যায়।<br>আধুনিক সুবিধা অর্থাৎ তাপমাত্রা এবং আদ্রতা নিয়ন্ত্রণ বিশিষ্ট প্রকোষ্ট এই সমস্যা সমাধানে বড় ধরনের ভূমিকা রাখতে পারে। আমাদের দেশে প্রচলিত রেফ্রিজারেটর এবং চিলারে তাপমাত্রা এবং আদ্রতা নির্দিষ্ট থাকে (তাপমাত্রা ২-৪০ সে. আদ্রতা ৪০-৬০%)। অথচ সকল ফল এবং সবজি সংরক্ষণের তাপমাত্রা ও আদ্রতা একরকম নয়। পন্য ভেদে এর তাপমাত্রা এবং আদ্রতা ভিন্ন হয়ে থাকে। ফলে প্রচলিত রেফ্রিজারেটর এবং চিলারে রাখা ফল ও শাক সবজি দ্রুত এর গুণগত মান হারাতে থাকে। ভোক্তাগণ বাধ্য হয় অসন্তোষ চিত্তে নিম্ন মান সম্পন্ন ফল ও সবজি গ্রহণ করে থাকেন।<br>এমন পরিস্থিতি থেকে উত্তরনের জন্য বশেমুরকৃবি'র উদ্যানতত্ত্ব বিভাগ তাপমাত্রা এবং আদ্রতা নিয়ন্ত্রণযোগ্য বশেমুরকৃবি হার্টি-ক্লাইমেট চেম্বার এর উদ্ভাবনী ধারণা প্রদান করেন এবং বশেমুরকৃবি'র আর্থিক সহায়তায় উহা ক্ষুদ্র পরিসরে বাস্তবায়ন করা হয়। | সেবাটি ক্ষুদ্র পরিসরে বাস্তবায়ন করা হয়েছে, বানিজ্যিক ভাবে খুব এ দ্রুত বাস্তবায়নের পরিকল্পনা হতে নেওয়া হয়েছে | বশেমুরকৃবি'র উদ্যানতত্ত্ব বিভাগের প্রফেসর ড. মোঃ ফখরুল হাছানের উদ্ভাবনী ধারণা IoT Based Automated Horti-chamber for fresh product কৃষি মন্ত্রণালয়ের উত্তম কৃষি চর্চা (Bangladesh GAP) নির্দেশনা প্রতিপালনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে, এই চেম্বারটি যেহেতু দেশীয় পদ্ধতিতে তৈরী তাই এর খরচ সত্তর থেকে আশি হাজার টাকা হয়েছে, একই সুবিধা সমৃদ্ধ এ ধরনের একটি চেম্বার বিদেশ থেকে কিনতে প্রায় তিন লক্ষ টাকার প্রয়োজন হয়, বাজার জাতকৃত ফল ও সবজিকে এই পদ্ধতির আওতায় আনা হলে প্রায় ২৫% অপচয় কমানো সম্ভব হয়েছে যার আনুমানিক মূল্য প্রায় দুই হাজার কোটি টাকা। তাই উদ্ভাবনী এই ধারণাটি কৃষি এবং এর সাথে সংশ্লিষ্ট অর্থাৎ বাংলাদেশের প্রতিটি মানুষ প্রত্যেক্ষ বা পরোক্ষ ভাবে এর সেবা গ্রহণ করতে পারছে। | অফলাইনে চালু আছে | বাস্তবায়নের অর্থবছরঃ ২০২৩-২৪ |
| ০৩. | i-Vet | উদ্ভাবনী ধারণা | i-Vet একটি ভেটেনারি অ্যাপ যা পোষা প্রাণী, গবাদী পশু বা অন্যান্য পশুপাখির মালিকদের জন্য ডিজাইন করা ডিজিটাল ভেটেরিনারি কেয়ার, যার মাধ্যমে খুব সহজেই অল্প মূল্য পরিশোধ করে ভিডিও কলের মাধ্যমে বশেমুরকৃবি'র বিশেষজ্ঞ ভেটেনারি চিকিৎসক কর্তৃক তাদের পোষা প্রাণী, গবাদী পশু বা অন্যান্য পশুপাখির চিকিৎসা করাতে পারবেন এবং পোষা প্রাণী, গবাদী পশু বা অন্যান্য পশুপাখির যে কোন স্বাস্থ্যের প্রয়োজনে সেবা পেতে পারবেন।<br>এটি একটি সম্পূর্ণ নতুন এবং ব্যাতিক্রমী ধারণা । | সেবাটি চালু আছে, সেবা প্রত্যাশীরা অ্যাপ এর মধ্যমে সেবা নিচ্ছেন | সম্পূর্ণ নতুন এই উদ্ভাবনী ধারণাটির বিষয়ে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও সেবা গ্রহিতাদের মধ্যে ব্যাপক উৎসাহ ও উদ্দিপনার সৃষ্টি করেছে। অ্যাপটির জনপ্রিয়তা বাড়ানোর জন্য নানারকম উদ্যোগ গ্রহণ করা হয়েছে। অ্যাপটি বর্তমানে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে হতে পাওয়া যাচ্ছে। অ্যাপটি গুগল প্লে-স্টোর হতে ডাউনলোড করা যাচ্ছে। সেবাটি জনসাধারণ এর জন্য উন্মুক্ত করা হয়েছে এবং সেবা নিচ্ছেন। | https://bsmrau.edu.bd/dvth/i-vet/ | বাস্তবায়নের অর্থবছরঃ ২০২৩-২৪ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ০৪. | BSMRAU Web-Based Service Book | উদ্ভাবনী ধারণা | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থমন্ত্রণালয়ের ২৭ জানুয়ারি ২০০৯ তারিখের স্মারক মোতাবেক বেসামরিক সরকারি চাকুরেদের পেনশন মঞ্জুরি ও পরিশোধ সংক্রান্ত বিধি/পদ্ধতি অধিকতর সহজিকরণ বিষয়ক অফিস আদেশ মোতাবেক সকল দপ্তরের নন-গেজেটেড সরকারী চাকুরেদের কম্পিউটারাইজড চাকুরি বৃত্তান্ত ও সার্ভিস বুক প্রতিবছর ফেব্রুয়ারি মাসের মধ্যে হালনাগাদ করার নির্দেশনা প্রদান করা হয়। বশেমুরকৃবি পেনশন শাখার কর্মকর্তাদের উদ্ভাবনী ধারনা BSMRAU Web-based Service Book অর্থমন্ত্রণালয়ের নির্দেশনা প্রতিপালনের গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। উদ্ভাবিত এই ধারনাটি সরকারের পেপারলেস অফিস, সার্ভিস ডিজিটাইজেশন, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার জবাবদিহিতা নিশ্চিত করন ও সেবা গ্রহীতাদের সন্তুষ্টি অর্জনে এই ধারনাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। | Web-Based Service Book চালু করা হয়েছে এবং সকল শিক্ষক, কর্মকর্তা কর্মচারীদের Registration সম্পন্ন হয়েছে এবং তথ্য আপডেটকরণের কাজ চলমান রয়েছে। | সম্পূর্ণ নতুন এই উদ্ভাবনী ধারণাটির বিষয়ে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর মধ্যে ব্যাপক উৎসাহ ও উদ্দিপনার সৃষ্টি করেছে। এই উদ্যোগের বিষয়ে সেবাগ্রহীতাদের পক্ষ থেকে সাধুবাদ জানানো হয়েছে এবং কর্তৃপক্ষ এই উদ্যোগের সফল বাস্তবায়নের জন্য প্রশাসনিক ও আর্থিক সকল প্রকার সহযোগিতা ইতোমধ্যে সম্পন্ন করেছেন। | http://new.bsmrau.info/ | বাস্তবায়নের অর্থবছরঃ ২০২২-২৩ |
| ০৫. | বশেমুরকৃবি পিআরএল/আনুতোষিক মঞ্জুরী সেবা ডিজিটাইজডকরণ | ডিজিটাইজকৃত সেবা | সিটিজেন চার্টার আওতাধীন অভ্যন্তরীণ সেবা পিআরএল/আনুতোষিক মঞ্জুরী সেবাটি ৩০/১২/২০২১ তারিখ হইতে ডিজিটাইজ করা হয়েছে। এমতাবস্থায় পিআরএল মঞ্জুর, জিপিএফ তহবিল ও ছুটি নগদায়নের আবেদন, আনুতোষিক ও আবসর ভাতা প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে myGov এ্যাপ ও Gmail এর মাধ্যমে ডিজিটাল আবেদন গৃহীত হচ্ছে। উপরোক্ত সেবাসমূহ প্রাপ্তির লক্ষে প্রয়োজনীয় ফরম বশেমুরকৃবি ওয়েবসাইট হইতে ডাউনলোড করা যাচ্ছে। | সেবাটি কার্যকর আছে | এই উদ্যোগের বিষয়ে সেবাগ্রহীতাদের পক্ষ থেকে সাধুবাদ জানানো হয়েছে এবং এই উদ্যোগের সফল বাস্তবায়নের ফলে বাসায় বসে ই খুব দ্রুত সেবা পাওয়া যাচ্ছে। | https://bsmrau.edu.bd/downloadable-official-all-forms/ | বাস্তবায়নের অর্থবছরঃ ২০২১-২২ |
| ০৬. | বশেমুরকৃবি স্বাস্থ্য সেবা সহজীকরণ | সেবা সহজীকরণ | ১। হেলথ সেন্টার এর হটলাইন নম্বর সকল একডেমিক, প্রশাসনিক, হল ও আবাসিক ভবনসমূহে দর্শনীয় জায়গায় প্রদর্শন করা হয়েছে।<br>২। ছাত্র-ছাত্রীদের প্রয়োজনে জরুরী ভিত্তিতে সার্বাক্ষনিক এ্যাম্বুলেন্স সেবা প্রদান করা হচ্ছে।<br>৩। অনলাইন ফিজিওথেরাপি সার্ভিস বুকিং সিস্টেম চালু করা হয়েছে। | সেবাটি কার্যকর আছে | এই উদ্যোগের সফল বাস্তবায়নের ফলে স্বাস্থ্য সেবা প্রাপ্তি সহজ ও দ্রুততর হয়েছে। | https://bsmrau.edu.bd/mc/contact/ | বাস্তবায়নের অর্থবছরঃ ২০২১-২২ |
| ০৭ | খামারজাত পণ্য বিক্রয় | সেবা সহজীকরণ | ১। খামার শাখার দৈনন্দিন বিক্রয়যোগ্য পণ্যের তালিকা সামাজিক যোগাযোগ মাধ্যমে (ফেইসবুক ও হোয়াটস অ্যাপ) প্রকাশ করা হয়েছে।<br>২। আগে আসলে আগে পাবেন ভিত্তিতে বিক্রয় পদ্ধতি প্রবর্তন করা হয়েছে। | সেবাটি অফলাইনে কার্যকর আছে | এই উদ্যোগের ফেলে সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী খামারজাত পণ্য খুব দ্রুত এবং সহজে পাচ্ছেন। | অফলাইন | বাস্তবায়নের অর্থবছরঃ ২০২১-২২ |
| ০৮ | BSMRAU e-Diary | উদ্ভাবনী ধারণা | অত্র বিশ্ববিদ্যালয়ের প্রচলিত ডায়েরীটিকে ডিজিটালাইজ করার নিমিত্তে আইসিটি সেল কর্তৃক একটি এন্ড্রয়েড অ্যাপ (BSMRAU e-Diary) ডেভেলপ করা হয়েছে। উক্ত অ্যাপ এর মাধ্যমে ডায়েরীভুক্ত সকলকে অতি সহজে খুঁজে বের করে ফোনকল, মেসেজ বা ই-মেইল পাঠানো যাচ্ছে। | এন্ড্রয়েড অ্যাপ ডেভেলপ করা হয়েছে এবং অ্যাপটি প্লে স্টোর এ পাওয়া যাচ্ছে। সকল তথ্য হালনাগাদ করা হয়েছে। | এই অ্যাপ এর মাধ্যমে ডায়েরীভুক্ত সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অতি সহজে খুঁজে বের করে ফোনকল, মেসেজ বা ই-মেইল পাঠানো যাচ্ছে। | https://play.google.com/store/apps/details?id=com.bsmrau&hl=en&gl=US&pli=1 | বাস্তবায়নের অর্থবছরঃ ২০২১-২২ |
| ০৯ | Mr Clean | উদ্ভাবনী ধারণা | অত্র বিশ্ববিদ্যালয়ের সকল পাবলিক প্লেস সার্বাক্ষনিক পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য Mr Clean সার্ভিসটি চালু করা হয়েছে। | একজন পরিচ্ছন্নতা কর্মী সার্বাক্ষনিক নিয়োজিত আছে। | সার্ভিসটি চালু করার ফলে বিশ্ববিদ্যালয়ের পরিষ্কার পরিচ্ছন্নতা আরো অনেক বৃদ্ধি পেয়েছে। | অফলাইন | বাস্তবায়নের অর্থবছরঃ ২০২০-২১ |

৩১-০৩-২০২৪
মোঃ সিরাজুল ইসলাম তালুকদার
রেজিস্ট্রার

**দৃষ্টি আকর্ষণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। সচিব, সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

২। সিনিয়র সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বার্ষিক কর্মসম্পাদনা, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা , বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং

৩। সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।

নম্বর: ৩৭.১২.০০০০.১৩৮.১৮.০০৪.২০.২/১ (৭)

তারিখ: ১৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
৩১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। ট্রেজারার , ট্রেজারার কার্যালয়, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়;

২। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা ও উন্নয়ন উইং, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়;

৩। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), গবেষণা উইং, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়;

৪। উপ-রেজিস্ট্রার, পেনশন ও কল্যাণ শাখা, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়;

৫। সেকশন অফিসার, পেনশন ও কল্যাণ শাখা, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়;

৬। সহকারী হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার, রেজিস্ট্রার দপ্তর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় এবং

৭। উপ-সহকারী প্রকৌশলী (ইলেক্ট্রনিক্স), প্রকৌশল শাখা, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়।

০১-০৪-২০২৪
মোহাম্মদ আবু আল বাশার
উপ-রেজিস্ট্রার